

নম্বর : ০৫.০০.০০০০.২০২.২৫.০২৩.১৮-৩০৮

তারিখ : ২৮ আষাঢ় ১৪২৫ ব.  
১২ জুলাই ২০১৮ খ্রি.

### বিজ্ঞপ্তি

Japan Human Resource Development Scholarship (JDS) এর অধীনে জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন বিষয়ে মাস্টার্স প্রোগ্রামে অংশগ্রহণে আগ্রহী বিসিএস ক্যাডারভুক্ত কর্মকর্তা এবং বাংলাদেশ ব্যাংকের প্রথম শ্রেণির কর্মকর্তাদের মধ্য হতে উন্মুক্ত প্রতিযোগিতার ভিত্তিতে প্রার্থী বাছাইয়ের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদন আহবান করা যাচ্ছে। উক্ত প্রোগ্রামে অংশগ্রহণে আগ্রহী ও যোগ্য কর্মকর্তাগণকে নির্ধারিত ফরমে আগামী ২২/০৭/২০১৮ থেকে ০৪/১০/২০১৮ তারিখ বিকাল ৫-০০ ঘটিকার মধ্যে নিম্নোক্ত ঠিকানায় সরাসরি আবেদনপত্র পৌঁছাতে হবে:

Japan International Cooperation Center (JICE)  
JDS Project Office in Bangladesh  
L-261, The Pan Pacific Sonargaon  
107, Kazi Nazrul Islam Avenue  
Dhaka-1215, Bangladesh.

#### শর্তাবলী:

১. যে সকল কর্মকর্তার বয়স ০১/০৪/২০১৯ তারিখে ৪০ বছরের কম, যাদের চাকরি স্থায়ী হয়েছে এবং শিক্ষা জীবনে কমপক্ষে ২টি প্রথম (সমমানের) শ্রেণি/বিভাগ রয়েছে এবং কোন তৃতীয় শ্রেণি নেই কেবল জঁরাই আবেদন করতে পারবেন।
২. আগ্রহী যোগ্য কর্মকর্তাবৃন্দের আবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব JICE JDS Project Office বরাবর অগ্রায়ন করবেন। জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান প্রধান এবং মাঠপর্যায়ের ক্ষেত্রে বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসকবৃন্দ মন্ত্রণালয়কে অবহিত রেখে আবেদন অগ্রায়ন করবেন।
৩. কোর্সের আবেদন ও অনুমতি প্রদানের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে জারিকৃত ২৯-০৮-১৯৯২ তারিখের নং-সম(বি.প্র:)-৮০/৯২-৫১৮(৫০০) সংখ্যক পরিপত্র ও অন্যান্য সংশ্লিষ্ট বিধি-বিধান অনুসরণ করতে হবে।
৪. জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৬/১২/২০১৫ খ্রি. তারিখে প্রকাশিত ০৫.০০.০০০০.২১১.২২.১০৬.২০০৮.৩৩৯ সংখ্যক প্রজ্ঞাপনের অনুসরণে সরকারি/আধাসরকারি/বিধিবদ্ধ/স্বায়তশাসিত সংস্থার কর্মকর্তা ইতঃপূর্বে যারা শ্রেণি বা শিক্ষাছুটিতে মাস্টার্স ডিগ্রী সম্পন্ন করেছেন তাঁদের এ কোর্সে আবেদন করার প্রয়োজন নেই। জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-০৫.০০.০০০০.২০২.০০.০০৭.১৭-৬১২, তারিখ-১২/১২/২০১৭ অনুযায়ী যে সকল সরকারি কর্মচারী দেশে বা বিদেশে পিএইচডি ডিগ্রী অর্জন করেছেন তাঁদের আবেদন করার প্রয়োজন নেই।
৫. আবেদনকারীকে স্ব-স্ব নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;
৬. কোর্স সংশ্লিষ্ট যাবতীয় তথ্য, আবেদন ফরম ও ফরম পূরণের নির্দেশিকা এবং বিশ্ববিদ্যালয় সংক্রান্ত তথ্যাবলী <http://jds-scholarship.org/> থেকে পাওয়া যাবে।
৭. বৃত্তি প্রাপ্তির বিষয়ে বৃত্তি প্রদানকারী সংস্থার প্রযোজ্য শর্তাবলী এবং প্রচলিত সরকারি বিধি-বিধানের আলোকে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

ড. আবদুল হামিদ  
যুগ্মসচিব  
ফোন : ৯৫৭৪৪২৬

sasft.mopa@gmail.com

#### বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৪. সিনিয়র সচিব/সচিব,.....(মন্ত্রণালয়/বিভাগ/কার্যালয় (সকল)।
৫. রেজিষ্টার, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা/বিসিএস (প্রশাসন) একাডেমি, শাহবাগ, ঢাকা।
৬. সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, পুরাতন এয়ারপোর্ট রোড, ঢাকা।
৭. চেয়ারম্যান/মহাপরিচালক.....।
৮. নিয়ন্ত্রক, মুদ্রণ, লেখসামগ্রী, ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৯. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ (জেলা প্রশাসকগণকে বিষয়টি জরুরিভিত্তিতে অবহিতকরণের অনুরোধসহ)।
১০. পরিবহন কমিশনার, সরকারী যানবাহন অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা।
১১. জেলা প্রশাসক (সকল)।
১২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
১৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
১৪. সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
১৫. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (জরুরি ভিত্তিতে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)।
১৬. Country Director, JICE JDS Project Office in Bangladesh, The Pan Pacific Sonargaon, L-261, 107 Kazi Nazrul Islam Avenue, Dhaka-1215.
১৭. অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (সিপিটি/এপিডি/প্রশাসন)/যুগ্মসচিব (প্রশিক্ষণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।